তারিখ 17 SEP 1990
পৃষ্ঠা ৩ কলাম ৩

32

দৈনিক ইত্তেফাক

# দেশকে এগিয়ে নেয়ার দায়িত্ব নিতে হবে কৃতী শিক্ষার্থীদের

—প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, কৃতী ও মেধাবী শিক্ষার্থী-দেরকেই দেশকে এগিয়ে নেয়ার দায়িত্ব নিতে হবে।

তিনি গতকাল রোববার ভিকারু-ননিসা নুন স্কুল ও কলেজ মিলনায়তনে

(৭-এর পাতায় দেখুন)

## প্রধানমন্ত্রী

(১ম পাতার পর)

এক কৃতী ছাত্রী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ১৯৮৯ ও '৯০ সালের এস, এস,সি পরীক্ষায় যারা এই প্রতিষ্ঠান থেকে মেধা তালিকায় স্থান পেয়েছে তাদের সংবর্ধনা জানাতে এই অনুষ্ঠান করা হয়।

প্রধানমন্ত্রী বলেন, সরকার শিক্ষাঙ্গন থেকে নৈরাজ্যের অবসান এবং পরীক্ষাব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, ১৯৯১ সালের প্রথম দিন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের বাস্তবায়ন পর্যায় শুরুর মাধ্যমে জাতি শিক্ষাক্ষেত্রে নতুন যুগে প্রবেশ করবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি আতাউল হক। এছাড়া ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোজাম্মেল হক, অধ্যক্ষা হামিদা আলী, ১৯৯০ সালে ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী সমাপ্ত ইসলাম ও দু'জন অভিভাবক নজরুল ইসলাম ও ডাঃ এম, এম হুসেইন বক্তৃতা করেন। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে আয়োজন সমাপ্ত হয়। মহিলা বিষয়ক মন্ত্রী সৈয়দা রাজিয়া ফয়েজ কৃতী ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য অনুষ্ঠানে ফুলের তোড়া পাঠান। খবর তথ্য বিবরণীর।